



सत्यमेव जयते

श्रम दंपुत्र
पश्चिमवङ्ग सरकार

शिशु श्रमिक (निषेध ओ नियन्त्रण)
आइन १९८७ एवंग
जातीय शिशु श्रमिक प्रकल्प



শিশুরা জাতির ভবিষ্যৎ

আজও আমাদের দেশে আর্থসামাজিক ও আরও নানাবিধ কারণে শিশু শ্রমিক রয়েছে। ১৯৮৬ সালে কেন্দ্রীয় সরকার শিশু শ্রমিক (নিষেধ ও নিয়ন্ত্রণ) আইনটি প্রণয়ন করেন। এই আইনে ১৪ বছর সম্পূর্ণ হয়নি এমন ব্যক্তিকে 'শিশু' বলা হয়েছে।

আইন অনুযায়ী বিপদজনক ১৮টি শিল্প ও ৬৫টি পেশায় শিশু শ্রমিক নিয়োগ সম্পূর্ণ নিষিদ্ধ। বিগত ১০ই অক্টোবর ২০০৬ সাল থেকে হোটেল, রেস্তোরা, চা ও খাবারের দোকান এবং গৃহভূত্বের জন্য শিশু শ্রমিক নিয়োগ সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে।

এ ছাড়াও বিপদজনক নয় এরূপ অন্যান্য ক্ষেত্রে শিশুদের কাজে নিয়োগ করলে নিয়োগকারীকে কিছু শর্ত মানতে হবে ও সেই শিশুদের পড়াশোনার ব্যবস্থা করতে হবে।

শিশু শ্রম (নিষেধ ও নিয়ন্ত্রণ) আইন ১৯৮৬ না মানলে কঠিন শাস্তির বিধান আছে। আইনে বর্ণিত নিষিদ্ধ তথা বিপদজনক শিল্প ও পেশায় শিশু শ্রমিক নিয়োগ করলে অন্তত তিনমাস এবং সর্বাধিক এক বছর পর্যন্ত জেল অথবা অন্তত ১০,০০০/- এবং সর্বাধিক ২০,০০০/- টাকা পর্যন্ত জরিমানা অথবা জেল ও জরিমানা - উভয় শাস্তিই হতে পারে। একবার দোষী সাব্যস্ত হওয়ার পরও যদি কোনও ব্যক্তি পুনরায় একই অপরাধ করেন সেক্ষেত্রে অন্তত ৬ মাস এবং সর্বাধিক দু বছরের জন্য জেল হতে পারে।

এছাড়াও আইনে বর্ণিত অন্যান্য ধারা না মানলে অপরাধী ব্যক্তির এক মাসের জন্য জেল অথবা ১০,০০০/- টাকা পর্যন্ত জরিমানা অথবা উভয় শাস্তিই একসঙ্গে হতে পারে।

প্রসঙ্গত উল্লেখযোগ্য ১৬ই জানুয়ারী ১৯৯৮ সালে রাজ্য সরকারি কর্মচারীদের শিশু শ্রমিক নিয়োগের নিষেধাজ্ঞা সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি প্রকাশিত হয় (স্মারক সংখ্যা ৪৭৫এফ)। অর্থদপ্তর প্রকাশিত এই বিজ্ঞপ্তি অনুযায়ী কোনও সরকারি কর্মী ১৪ বছর বয়স অতিক্রম করেনি এমন কোনও শিশুকে গৃহস্থালীর কাজে নিযুক্ত করতে পারবেন না।

ভারত সরকারের জাতীয় শিশু শ্রমিক নীতি ১৯৮৭ অনুযায়ী, ১৯৮৮ সালে জাতীয় শিশু শ্রমিক প্রকল্প প্রণীত হয়। বর্তমানে রাজ্যের ১৯টি জেলায় ৯৮৫ টি অনুমোদিত শিশু শ্রমিক বিদ্যালয়ের মধ্যে ৯৪৭ টি বিদ্যালয় চালু রয়েছে এবং এখানে ৪৪,৮২৪ টি শিশু শ্রমিক প্রাথমিক শিক্ষা লাভ করছে। এটি একটি কেন্দ্রীয় সাহায্যপ্রাপ্ত প্রকল্প যেখানে বিনামূল্যে প্রাথমিক শিক্ষা, কারিগরি শিক্ষা, সুস্বাদু খাদ্য, স্বাস্থ্য পরীক্ষা ও প্রতি শিশুকে মাসে ১৫০ টাকা বৃত্তি প্রদানের ব্যবস্থা আছে।

শিশু শ্রমিকদের সার্বিক বিকাশের জন্য রাজ্য সরকার তার সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে প্রতি জেলায় জাতীয় শিশু শ্রমিক প্রকল্পের অধীনে একটি করে বিদ্যালয়কে আবাসিক বিদ্যালয়ে (Residential School) রূপায়িত করার সিদ্ধান্ত নিয়েছে। বিদ্যালয়গুলির রক্ষণাবেক্ষণের জন্য শিশু প্রতি মাসে ৭৫০ টাকা হারে অনুদান দেওয়া হয়। বর্তমানে মালদহ, উত্তর দিনাজপুর বর্ধমান, নদিয়া, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, বাঁকুড়া ও পশ্চিম মেদিনীপুর জেলায় আবাসিক বিদ্যালয় খোলা হয়েছে।

জেলাশাসক তথা জেলা শিশু শ্রমিক সমিতির চেয়ারম্যানের তত্ত্ববধানে জেলায় এবং শ্রম কমিশনার, পশ্চিমবঙ্গ সরকারের তত্ত্ববধানে কলকাতায় জাতীয় শিশু শ্রমিক প্রকল্প রূপায়িত হচ্ছে।

শ্রম দপ্তর

পশ্চিমবঙ্গ সরকার

বিশদ বিবরণের জন্য যোগাযোগ করুন

শ্রমমহাধ্যক্ষের কার্যালয়

নব মহাকরণ ভবন, দ্বাদশ তল, ১, কে.এস. রায় রোড, কলকাতা - ৭০০ ০০১

১নং কিরণ শঙ্কর রায় রোড, কলকাতা - ৭০০ ০০১

ফোন : ০৩৩-২২৬২ ২৯৭০, ০৩৩-২২৪২ ০৬১৬

এবং জেলা ও মহকুমায় শ্রম দপ্তরের কার্যালয়ে

যেকোন প্রয়োজনে যোগাযোগ করুন :

টোল ফ্রি হেল্প লাইন - ১৮০০১০৩০০০৯